



91

কাল জাকসু ও হল সংসদের নির্বাচন

জাহাঙ্গীরনগর (বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।-আগামীকাল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) ও হল সংসদগুলোর নির্বাচন। গত রাত ১২টার পর নির্বাচনী প্রচারণা শুরু হয়ে যাওয়ার কথা। ফলে গতকাল মিছিল ও সমাবেশের মাধ্যমে ক্যাম্পাসে নির্বাচনী প্রচারণা তুঙ্গে ছিল।

গতকাল সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ক্যাম্পাস ছিল মিছিলমুখর। ছাত্র সংগ্রাম পরিষদের 'এনাম-আজিজ' পরিষদ, জাতীয়তাবাদী ছাত্র দলের 'মামুন-আশরাফ' পরিষদ, জাতীয় ছাত্র দলের 'বিকাশ কামরুল' পরিষদ ও ছাত্র শিবিরের 'সম-তাজ-আলিম' পরিষদ ক্যাম্পাসে পৃথকভাবে মিছিল বের করে।
(শেষ পৃ: ১-এর ক: ড:)

জাকসু ও হল সংসদ নির্বাচন (১ম পর্টার পর)

শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ে পুলিশ মোতায়েন বাড়ানো হয়েছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে-ক্যাম্পাসে মোতায়েনকৃত পুলিশের মোট সংখ্যা ৯ শতাধিক।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আগামীকালের জাকসু ও হল সংসদ নির্বাচনে বিশ্ববিদ্যালয়ে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন।